

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান উপদেষ্টার কার্যালয়  
পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা ০৩.০৯.২৬৯০.০৭০.২২.০১৮.১৮ (অংশ-১)- ৫৯

তারিখ ১৮ ফাল্গুন ১৪৩১  
০৩ মার্চ ২০২৫

বিষয়: এনজিও বিষয়ক ব্যুরোর পরিপত্র সংশোধন ও সংযোজন প্রসঙ্গে।

সূত্র: ০৩.০৭.২৬৬৬.৬৫৭.১৫৫.২০২৫-১৪৯৪

তারিখ: ২৩/০১/২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে হালনাগাদ পরিপত্রটি বই আকারে বাঁধাই করে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের নিকট বিলি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ৫৪ (চুয়ান) পাতা।

এনজিও বিষয়ক ব্যুরোর মহাপরিচালকের দপ্তর	
পরি (নিঃ)	<input type="checkbox"/> পরীক্ষাতে ব্যবস্থা দিন
পরি (প্রকল্প-১)	<input type="checkbox"/> সক্রিয় তিথিতে ব্যবস্থা দিন
পরি (প্রকল্প-২)	<input type="checkbox"/> আলোচনা করুন
উপ-পরিচালক (সাঃ)	<input type="checkbox"/> পর্যালোচনা করুন
উপ-পরিচালক (পঃসি)	
প্রোগ্রামার	
সহকারী পরিচালক-১	
সহকারী পরিচালক-২	
এসইনস্ট্রাক্ট	
অফিসার-১/২/৩/৪/৫	
পিএ	সংরক্ষণ
ইসা নম্বর	০৪/০৬/২০২৫
তারিখ	সময়

  
(আনোয়ার-উল-হালিম)  
পরিচালক-৩

ফোন: ৫৫০২৯৪২৩

E-mail: dir3@cao.gov.bd

মহাপরিচালক

এনজিও বিষয়ক ব্যুরো

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা

অনুলিপি:

- ১। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব/সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা (মুখ্য সচিব/সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। মহাপরিচালক-২ এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। অফিস কপি।

পরিপত্র

পত্র সংখ্যাঃ ০৩.০৯.২৬৯০.০৭০.২২.০১৮.১৮ (অংশ-১)- ৫৮৬

২৪ ফাল্গুন ১৪৩১  
তারিখঃ-----  
২৭ ফেব্রুয়ারি ২০২৫

**বিষয়ঃ বাংলাদেশে কর্মরত বৈদেশিক সাহায্যপুষ্ট বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থাসমূহের (এনজিও) কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে অনুসরণীয় কার্যপ্রণালী।**

বাংলাদেশে কর্মরত বৈদেশিক সাহায্যপুষ্ট বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থাসমূহের (এনজিও) কার্যাবলী সমন্বয় ও পরিচালনার উদ্দেশ্যে বৈদেশিক অনুদান (স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন, ২০১৬ (২০১৬ সনের ৪৩ নং আইন) এর ধারা ২০-এ প্রদত্ত ক্ষমতাবলে এ পরিপত্র প্রণয়ন করা হলোঃ

**০২. এনজিও বিষয়ক ব্যুরো নিম্নবর্ণিত দায়িত্বসমূহ পালন করবে:**

- ক. বৈদেশিক সাহায্যপুষ্ট বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থাসমূহের নিবন্ধন, নিবন্ধন নবায়ন, নাম পরিবর্তন, গঠনতন্ত্র অনুমোদন এবং নিবন্ধন বাতিল;
- খ. ব্যক্তি/এনজিও কর্তৃক দাখিলকৃত বৈদেশিক অনুদানে গৃহীত প্রকল্পসমূহ অনুমোদন ও অর্থছাড়করণ;
- গ. এনজিওসমূহের বিদেশি কর্মকর্তা/পরামর্শকের নিয়োগপত্র সত্যায়ন, কার্যনিমতি ও মেয়াদ নির্ধারণ;
- ঘ. এনজিওসমূহের হিসাব নিরীক্ষার জন্য চার্টার্ড একাউন্টেন্ট ফার্ম (সি এ ফার্ম) তালিকাভুক্তকরণ;
- ঙ. এনজিও কর্তৃক দাখিলকৃত বার্ষিক প্রতিবেদন ও অডিট প্রতিবেদন পরীক্ষণ, মূল্যায়ন ও গ্রহণ;
- চ. ব্যক্তি/এনজিও কর্তৃক পরিচালিত স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম পরিদর্শন, পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ;
- ছ. সরকার কর্তৃক ধার্যকৃত বিভিন্ন ফি ও এর উপর প্রযোজ্য ভ্যাট আদায়;
- জ. অনুমোদিত প্রকল্পসমূহের প্রযোজ্য খাতে সরকার কর্তৃক নির্ধারিত ভ্যাট/ট্যাক্স কর্তনপূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান নিশ্চিতকরণ;
- ঝ. সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং এনজিওসমূহের সাথে যোগাযোগ ও সমন্বয়;
- ঞ. অভিযুক্ত এনজিও'র বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ;
- ট. সময় সময়ে সরকার প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

**০৩. ব্যক্তি কর্তৃক স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম পরিচালনার জন্য অনুমোদন।**

- (১) কোন ব্যক্তি বৈদেশিক অনুদান গ্রহণক্রমে স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম পরিচালনা করতে চাইলে এফসি-২ ফরম অনুসারে মহাপরিচালকের নিকট আবেদন করতে হবে।
- (২) উপানুচ্ছেদ-১ এর অধীন আবেদন প্রাপ্তির পর পরীক্ষান্তে যথাযথ প্রতীয়মান হলে মহাপরিচালক সুরক্ষা সেবা বিভাগ ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের মতামত সাপেক্ষে অনুমোদন প্রদান করবে।

**০৪. এনজিও বা সংস্থা কর্তৃক স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম পরিচালনার জন্য নিবন্ধন, নিবন্ধন নবায়ন ও নাম পরিবর্তন।**

- (১) কোন এনজিও বা সংস্থা বৈদেশিক অনুদান গ্রহণক্রমে স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম গ্রহণ করতে চাইলে তফসিল-১ এ নির্ধারিত ফি প্রদান করে তফসিল-২ এ উল্লিখিত কাগজপত্র এবং তথ্যাদিসহ এফডি-১ ফরম অনুসারে মহাপরিচালকের নিকট আবেদন করবে। তবে শর্ত থাকে যে, নিবন্ধনের আবেদনের সাথে সংযুক্ত বৈদেশিক অনুদানের প্রতিশ্রুতিপত্রে প্রতিশ্রুত বৈদেশিক অনুদানের পরিমাণ ৫০০০ ইউএস ডলারের সমপরিমাণ অর্থের চাইতে কম হবে না।
- (২) সংস্থার নির্বাহী কমিটিতে একই পরিবারের (মা-বাবা, স্বামী-স্ত্রী, আপন ভাই-বোন, সন্তান) একাধিক সদস্য থাকতে পারবে না।
- (৩) উপানুচ্ছেদ-১ এর অধীন আবেদন প্রাপ্তির পর সংযুক্ত কাগজপত্র ও তথ্যাদি প্রাথমিকভাবে পরীক্ষা-নিরীক্ষাক্রমে মহাপরিচালকের নিকট সন্তোষজনক প্রতীয়মান হলে আবেদনটির উপর মতামত প্রদানের জন্য সুরক্ষা সেবা বিভাগ এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করবে।

ক. সুরক্ষা সেবা বিভাগ নিম্নবর্ণিত বিষয়গুলো বিবেচনা করে তাদের মতামত প্রদান করবে:


১. সংস্থা বা সংশ্লিষ্ট ব্যক্তি রাষ্ট্র/সমাজ বিরোধী কাজে লিপ্ত কিনা এবং সংশ্লিষ্ট ব্যক্তিগণ রাষ্ট্র বা সমাজ বিরোধী বা নৈতিকতা বিরোধী অপরাধের জন্য দণ্ডিত হয়েছিলেন কিনা;
২. সংস্থার নির্বাহী কমিটির সদস্যগণের পরিচিতি, পারস্পরিক সম্পর্ক (একই পরিবারের একাধিক সদস্য আছে কিনা) ও সামাজিক অবস্থান;
৩. সমাজকল্যাণমূলক কাজে সংস্থার পূর্ব অভিজ্ঞতা; এবং
৪. সংস্থার নির্দিষ্ট কার্যালয় সম্পর্কিত তথ্য।
৫. তদন্তাধীন এনজিও'র নির্বাহী কমিটির সদস্যদের তথ্য সংগ্রহের জন্য বর্তমান ঠিকানাকে প্রাধান্য দিয়ে তদন্ত কার্যক্রম সম্পাদন।

খ. আর্থিক প্রতিষ্ঠান বিভাগ নিম্নবর্ণিত বিষয়গুলো বিবেচনা করে তাদের মতামত প্রদান করবে:

১. সংস্থা বা সংশ্লিষ্ট ব্যক্তি মানি লন্ডারিং/সন্ত্রাসী কর্মকাণ্ডে অর্থায়ন সংক্রান্ত অপরাধে লিপ্ত কিনা কিংবা বাংলাদেশ সরকার অথবা কোন আন্তর্জাতিক সংস্থা কর্তৃক অভিযুক্ত/কালো তালিকাভুক্ত কিনা;
  ২. সংস্থা কর্তৃক পরিচালিত ব্যাংক হিসাব আর্থিক নিয়মাবলী যথাযথভাবে অনুসরণে পরিচালিত হয় কিনা;
  ৩. সংস্থার কোন সদস্য সরকার নিয়ন্ত্রিত কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ঋণ খেলাপী ঘোষিত কিনা;
- (৪) সুরক্ষা সেবা বিভাগ এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগ উপানুচ্ছেদ-২ এর অধীন আবেদন বিষয়ে অনধিক ৪৫ (পয়তাল্লিশ) দিনের মধ্যে মতামত প্রদান করবে। ৪৫ (পয়তাল্লিশ) দিনের মধ্যে মতামত পাওয়া না গেলে সংশ্লিষ্ট বিভাগের কোন আপত্তি নেই মর্মে ধরে নেওয়া হবে।
- (৫) সুরক্ষা সেবা বিভাগ বা আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, সংশ্লিষ্ট বিষয়ে কোন আপত্তি বা পর্যবেক্ষণ থাকলে উক্ত আপত্তি বা পর্যবেক্ষণের বিষয় মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরোকে অবহিত করবে এবং ব্যুরো সংশ্লিষ্ট সংস্থাকে অবগত করবে।
- (৬) সুরক্ষা সেবা বিভাগ এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগ হতে অনাপত্তি পাওয়া গেলে মহাপরিচালক সংশ্লিষ্ট এনজিও বা সংস্থাকে তফসিল-৪ এ বর্ণিত শর্তে ফরম-১ অনুযায়ী নিবন্ধন সনদ ইস্যু করবে।
- (৭) সংস্থাকে নিবন্ধন সনদের মেয়াদ অতিক্রান্ত হওয়ার ৬ (ছয়) মাস পূর্বে তফসিল-১ এ উল্লিখিত ফি প্রদান করে তফসিল-৩ এ উল্লিখিত কাগজপত্রসহ এফডি-৮ ফরম অনুযায়ী নিবন্ধন নবায়নের জন্য মহাপরিচালকের নিকট আবেদন করতে হবে।
- (৮) মহাপরিচালক, নিবন্ধন সনদ নবায়নের আবেদন এবং সংস্থার সর্বশেষ ০৩ (তিন) বছরের বৈদেশিক অনুদানে পরিচালিত কার্যক্রম সন্তোষজনক বিবেচিত হলে ফরম-২ অনুযায়ী নিবন্ধন নবায়ন সনদ ইস্যু করবে।
- (৯) এনজিও'র নাম পরিবর্তনের জন্য দেশি এনজিও'র ক্ষেত্রে তফসিল- ৫.১ এবং বিদেশি এনজিও'র ক্ষেত্রে ৫.২ এ উল্লিখিত শর্তাবলী অনুসরণ করে মহাপরিচালকের নিকট আবেদন করতে হবে।
- (১০) উপানুচ্ছেদ ০৮ অনুযায়ী প্রাপ্ত আবেদন সন্তোষজনক বিবেচিত হলে ফরম-৩ অনুযায়ী মহাপরিচালক নাম পরিবর্তন সনদ ইস্যু করবে।
- (১১) এনজিও বিষয়ক ব্যুরো প্রতিটি এনজিও'র নিবন্ধনের মেয়াদ উল্লেখপূর্বক এনজিও'র তালিকা ওয়েবসাইটে প্রকাশ ও হালনাগাদ করবে।

০৫. প্রকল্প অনুমোদন ও অর্থছাড়করণ।

- (১) এনজিওসমূহ প্রকল্প অনুমোদনের জন্য এফডি-৬ ফরমে মহাপরিচালকের নিকট আবেদন দাখিল করবে।
- (২) উপানুচ্ছেদ-১ এর অধীন আবেদন প্রাপ্তির পর মহাপরিচালক তা প্রাথমিক পরীক্ষান্তে সন্তোষজনক বিবেচিত হলে মতামতের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগে প্রেরণ করবে।
- (৩) সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগ উপানুচ্ছেদ-২ মোতাবেক চাহিত মতামত ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রেরণ করবে। নির্ধারিত সময়ের মধ্যে মতামত পাওয়া না গেলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের কোন আপত্তি নেই মর্মে ধরে নেওয়া হবে।
- (৪) মন্ত্রণালয়/বিভাগ হতে মতামত প্রাপ্তির পর উক্ত মতামতের আলোকে প্রয়োজ্য ক্ষেত্রে ব্যুরো প্রকল্প প্রস্তাব পরিবর্তন বা সংশোধন করার জন্য সংশ্লিষ্ট এনজিওকে পরামর্শ প্রদান করবে।
- (৫) মন্ত্রণালয়/বিভাগের মতামত অগ্রহণযোগ্য মনে করলে ব্যুরো উক্ত বিষয়ে সিদ্ধান্ত প্রদানের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করবে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের সিদ্ধান্ত মোতাবেক ব্যুরো পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবে।
- (৬) মন্ত্রণালয়/বিভাগ এর মতামত এবং ক্ষেত্রমত প্রধানমন্ত্রীর কার্যালয়ের সিদ্ধান্ত প্রাপ্তির পর মহাপরিচালক উপানুচ্ছেদ-১ এর অধীন দাখিলকৃত আবেদন নিষ্পত্তি করবে।
- (৭) প্রত্যেকটি এনজিওর একটিমাত্র মূল একাউন্ট (মাদার একাউন্ট) থাকবে। উক্ত মাদার একাউন্টের মাধ্যমে সংস্থার সমুদয় বৈদেশিক অনুদানের অর্থ গ্রহণ করতে হবে। এফডি-৬ এর ক্ষেত্রে প্রতিটি প্রকল্পের বিপরীতে পৃথক 'প্রকল্প হিসাব' খুলে মাদার একাউন্ট থেকে সংশ্লিষ্ট প্রকল্পের সমুদয় অর্থ উক্ত হিসাবে স্থানান্তর করে ব্যয় নির্বাহ করতে হবে।
- (৮) যৌক্তিক কারণে মাদার একাউন্ট পরিবর্তনের ক্ষেত্রে আবশ্যিকভাবে ব্যুরোর পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।
- (৯) প্রকল্পের মেয়াদ একবর্ষী/বহুবর্ষী হতে পারে। একবর্ষী প্রকল্পের মেয়াদ ১ (এক) বছর বা তার কম যে কোন মেয়াদী হতে পারে। তবে বহুবর্ষী প্রকল্পের মেয়াদ ৫(পাঁচ) বছরের অধিক হবে না।
- (১০) একবর্ষী প্রকল্পের ক্ষেত্রে মোট বাজেটের ১০০% অর্থ ছাড় করা যাবে। তবে শর্ত থাকে যে, এরূপ প্রকল্প প্রস্তাব দাখিলের সময় সংস্থা কর্তৃক বাস্তবায়িত সর্বশেষ প্রকল্পের সমাপনী প্রতিবেদন ও স্থানীয় প্রশাসনের প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। তাছাড়া প্রকল্প সমাপ্তির ৩(তিন) মাসের মধ্যে অবশ্যই অডিট রিপোর্ট দাখিল করতে হবে।
- (১১) বহুবর্ষী প্রকল্পের ক্ষেত্রে প্রথম বর্ষের বৈদেশিক অনুদানের সমুদয় অর্থছাড়ের জন্য ব্যুরো আদেশ জারিপূর্বক তার অনুলিপি অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বাংলাদেশ ব্যাংক, বিআইএফইউ, সংস্থার মাদার একাউন্ট পরিচালনাকারী ব্যাংক, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহ, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রেরণ করবে।
- (১২) বহুবর্ষী প্রকল্পের ক্ষেত্রে পরবর্তী প্রকল্প বর্ষ/বর্ষসমূহের অনুমোদিত বাজেটের প্রথমার্ধের ৫০% অর্থছাড়ের জন্য এফডি-২ ফরম, এফডি-৩ ফরম এবং বিগত বছরের অগ্রগতি প্রতিবেদনসহ মহাপরিচালকের নিকট আবেদন করতে হবে।
- (১৩) উপানুচ্ছেদ-১২ অনুযায়ী দাখিলকৃত আবেদনের তথ্যাদি ব্যুরোর নিকট সন্তোষজনক প্রতীয়মান হলে ব্যুরো চাহিত অর্থছাড়ের আদেশ জারি করবে। সংশ্লিষ্ট এনজিওকে কারণ দর্শানো ছাড়া অর্থছাড় বন্ধ করা যাবে না।
- (১৪) বহুবর্ষী প্রকল্পের ২য় থেকে পরবর্তী প্রকল্প বর্ষের অবশিষ্ট ৫০% অর্থছাড়ের জন্য ফরম-৫ অনুযায়ী পূর্ববর্তী বর্ষের বার্ষিক প্রতিবেদন, ফরম-৭ অনুযায়ী জেলা প্রশাসক বা ক্ষেত্রমত উপজেলা নির্বাহী অফিসারের প্রত্যয়নপত্র, অডিট রিপোর্ট গ্রহণপত্র দাখিল করতে হবে এবং দাখিলকৃত তথ্যাদি যাচাইয়ান্তে সন্তোষজনক বিবেচিত হলে অবশিষ্ট অর্থ ছাড়ের আদেশ জারি করবে।
- (১৫) ব্যুরো বৈদেশিক অনুদানের সমুদয় অর্থ দেশীয় মুদ্রায় অনুমোদন করবে;



তবে শর্ত থাকে যে, প্রতিশ্রুত বৈদেশিক মুদ্রার বিনিময় হারের হ্রাস-বৃদ্ধির কারণে বা ব্যাংক কর্তৃক সুদ / মুনাফা প্রদত্ত হলে বা প্রতিশ্রুত অর্থের বেশী পাওয়া গেলে সংস্থাকে ব্যুরো হতে উক্ত অর্থ ব্যয়ের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।

- (১৬) দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী জরুরি ত্রাণ কর্মসূচি পরিচালনা করতে উদ্যোগী ব্যক্তি বা এনজিওসমূহ এফডি-৭ ফরম অনুযায়ী প্রকল্প প্রস্তাব অনুমোদন ও বৈদেশিক অনুদান অবমুক্তির জন্য মহাপরিচালক বরাবর আবেদন করবে।
- (১৭) উপানুচ্ছেদ-১৬ এর অধীন আবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট তথ্যাদিসহ আবেদনটি যথাযথ বিবেচিত হলে মহাপরিচালক ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে প্রকল্প প্রস্তাব অনুমোদন ও বৈদেশিক অনুদান অবমুক্তির আদেশ জারি করবে এবং তার অনুলিপি অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ ও সুরক্ষা সেবা বিভাগসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক এবং আবেদনকারীর মাদার একাউন্ট সংশ্লিষ্ট ব্যাংক, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও সংস্থার নিকট প্রেরণ করবে। প্রকল্প সমাপ্তির অনধিক ০২ (দুই) মাসের মধ্যে ব্যুরোর নিকট সমাপনী প্রতিবেদন, অডিট রিপোর্ট ও স্থানীয় প্রশাসনের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
- (১৮) বিদেশি এনজিও সরাসরি প্রকল্প বাস্তবায়ন না করে বিভিন্ন দেশি এনজিওকে অনুদান প্রদান করার ক্ষেত্রে উক্ত বিদেশি এনজিও'র প্রশাসনিক ব্যয় বৈদেশিক অনুদানে নির্বাহের জন্য এফডি-৬ ফরমে প্রকল্প প্রস্তুত করে অর্থছাড়ের জন্য এফডি-২ ফরমের ৩টি অনুলিপি সহ অনুমোদনের জন্য ব্যুরোতে দাখিল করতে হবে। আবেদন যথাযথ বিবেচিত হলে মহাপরিচালক প্রকল্প অনুমোদন ও অর্থছাড়ের আদেশ জারি করবেন।
- (১৯) কোন প্রকল্পের অনুমোদিত ব্যয়ের অনধিক ২০% অর্থ প্রশাসনিক খাতে ব্যয় করা যাবে, তবে আবশ্যিকভাবে প্রশাসনিক ব্যয়ের সুনির্দিষ্ট ব্যয় বিভাজন দাখিল করতে হবে এবং প্রশাসনিক ব্যয়ের অন্তর্ভুক্ত কোন খাতের ব্যয় প্রকল্প ব্যয় হিসেবে দেখানো যাবেনা।
- (২০) এককালীন বৈদেশিক অনুদান গ্রহণ ও তার ব্যবহারের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে, যথাঃ
- (ক) বৈদেশিক অনুদান হিসেবে নগদ অর্থ বা কোন সামগ্রী গ্রহণ ও বিতরণ উভয় ক্ষেত্রে এফসি-১ এবং এফডি-২ ফরমে আবেদনপূর্বক ব্যুরোর পূর্বানুমোদন গ্রহণ করতে হবে;
- (খ) ব্যক্তি কর্তৃক স্বেচ্ছাসেবামূলক কর্মকাণ্ডের জন্য বৈদেশিক অনুদান গ্রহণের ক্ষেত্রে এফসি-২ এবং এফডি-২ ফরমে মহাপরিচালকের নিকট আবেদন করতে হবে;
- (গ) এনজিও'র ক্ষেত্রে উক্তরূপ আবেদন প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ব্যুরো সিদ্ধান্ত প্রদান করবে। প্রকল্প অনুমোদিত হলে অনুদান অবমুক্তির আদেশের অনুলিপি সুরক্ষা সেবা বিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বাংলাদেশ ব্যাংক ও সংশ্লিষ্ট সংস্থা বা ব্যক্তিকে প্রদান করবে। আবেদনকারী কোন ব্যক্তি হলে সুরক্ষা সেবা বিভাগ এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগের মতামত গ্রহণ করতে হবে;
- (ঘ) বৈদেশিক অনুদান গ্রহণকারী, অনুদান ব্যবহারের অনধিক ২ (দুই) মাসের মধ্যে ব্যুরোর নিকট সমাপনী প্রতিবেদন, অডিট রিপোর্ট ও স্থানীয় প্রশাসনের প্রত্যয়নপত্র দাখিল করবে।
- (২১) সকল প্রকল্পের ক্ষেত্রে বৈদেশিক অনুদান ব্যবহারকারীকে জাতীয় রাজস্ব বোর্ডের নীতিমালা অনুযায়ী প্রযোজ্য খাতে আয়কর, ভ্যাট ও ট্যাক্স কর্তন করে সরকারি কোষাগারে জমা প্রদান নিশ্চিত করতে হবে।
- (২২) রাঙামাটি, খাগড়াছড়ি এবং বান্দরবান পার্বত্য জেলার ক্ষেত্রে কোন প্রকল্প অনুমোদনের আবেদন ব্যুরোতে দাখিলের পূর্বে সংশ্লিষ্ট ব্যক্তি বা এনজিও-কে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের নিকট হতে মতামত গ্রহণ করতে হবে।
- (২৩) এনজিওসমূহ জেলা-উপজেলার বাজেট উল্লেখপূর্বক প্রকল্প সম্পর্কিত সকল তথ্য ওয়েবসাইটে প্রকাশ করবে।



(২৪) এনজিওসমূহ নিম্নবর্ণিত বিষয়সমূহ প্রতিপালন করে চলবেঃ

১. উপজাতীয় ও অ-উপজাতীয় বাসিন্দাদের সম্প্রীতিতে বিঘ্ন ঘটায় এমন কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না;
২. ধর্মীয় অনুভূতি বিরোধী কর্মকান্ড পরিচালনা এবং ধর্মান্তরিত করা যাবে না;
৩. সাম্প্রদায়িক কাজে উসকানি প্রদান করে এমন কোন কাজ করা যাবে না;
৪. জাতীয় বা আঞ্চলিক নিরাপত্তা বিঘ্নিত করে এমন কোন কাজ করা যাবে না;
৫. প্রত্যক্ষ বা পরোক্ষভাবে এমন কোন কর্মকান্ড করা যাবে না যা ঐ এলাকার অধিবাসীদের বিচ্ছিন্নতাবাদ বা গোষ্ঠীগত আন্দোলন উৎসাহিত করে;
৬. প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন রাজনৈতিক কর্মকাণ্ডে সম্পৃক্ত হতে পারবে না; এবং
৭. দেশী/বিদেশী বিচ্ছিন্নতাবাদী কোন ব্যক্তি/সংগঠন বা রাজনৈতিক দলের সাথে সংশ্লিষ্ট থেকে কোন উসকানিমূলক কর্মকান্ড পরিচালনা করা যাবে না।

(২৫) পূর্ণাঙ্গ প্রকল্প প্রস্তাব ব্যুরোতে প্রাপ্তির শুরু থেকে চূড়ান্ত অনুমোদন পর্যন্ত সমুদয় কার্যক্রম মোট ৪৫ (পয়তাল্লিশ) দিনের মধ্যে সম্পন্ন করতে হবে।

(২৬) ০৫ (পাঁচ) বছরের অধিক মেয়াদি কোনো প্রকল্প থাকলে গুরুত্ব বিবেচনাপূর্বক প্রধান উপদেষ্টার কার্যালয়/প্রধানমন্ত্রীর কার্যালয়ের সম্মতি গ্রহণ সাপেক্ষে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

(২৭) প্রকল্প অনুমোদনের পরবর্তী ধাপসমূহ হবে নিম্নরূপ:

ক. প্রকল্প প্রস্তাব অনুমোদনের পরে বাস্তবায়নকারী এনজিও প্রকল্পের অনুমোদনপত্র ও প্রকল্প প্রস্তাবের কপি স্থানীয় প্রশাসনিক দপ্তরে দাখিলপূর্বক বাস্তবায়ন কার্যক্রম শুরু করবে এবং জমাদানের প্রমাণক ব্যুরোতে দাখিল করতে হবে;

খ. প্রকল্প সম্পন্ন হওয়ার ০১(এক) মাসের মধ্যে প্রত্যয়নপত্র প্রাপ্তির আবেদন সংশ্লিষ্ট স্থানীয় প্রশাসনিক দপ্তরে দাখিলপূর্বক এর প্রমাণক ব্যুরোতে দাখিল করতে হবে;

গ. আবেদন প্রাপ্তির ২০(বিশ) দিনের মধ্যে প্রকল্প বাস্তবায়ন বিষয়ে নিশ্চিত হয়ে স্থানীয় প্রশাসন প্রত্যয়ন পত্র ইস্যু করবে। অন্যথায় আপত্তি নেই মর্মে এনজিও বিষয়ক ব্যুরো পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে পারবে;

ঘ. উপজেলা নির্বাহী অফিসার/জেলা প্রশাসক নিজে পরিদর্শনপূর্বক অথবা নিজ কার্যালয়ের কর্মকর্তার কিংবা সংশ্লিষ্ট সরকারি দপ্তরের মতামত গ্রহণপূর্বক প্রত্যয়নপত্র ইস্যু করবেন; এবং

ঙ. উপজেলা নির্বাহী অফিসার/জেলা প্রশাসকের কার্যালয়ে প্রত্যেকটি এনজিও সম্পর্কে একটি নথি খুলে তাদের কার্যক্রম সম্পর্কিত তথ্যাদি সংরক্ষণ করবেন।

০৬. এনজিও কর্তৃক অন্য কোন এনজিও বা সংস্থাকে সাহায্য প্রদান।

কোন এনজিও কর্তৃক অন্য কোন এনজিও বা সংস্থাকে কোন প্রকল্পের জন্য অনুদান বা আর্থিক সাহায্য প্রদান করার ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রকল্পের কার্যক্রমের বিস্তারিত বিবরণ ও অর্থ ব্যয়ের রূপরেখা এফডি-৬ এর সংলগ্নী-‘ক’ অনুযায়ী ব্যুরোতে দাখিল করতে হবে। তবে সাহায্য গ্রহণকারী সংস্থাকে অবশ্যই বাংলাদেশের প্রচলিত আইনের অধীনে নিবন্ধিত অলাভজনক দেশী সংস্থা হতে হবে।

০৭. বিদেশি বিশেষজ্ঞ, উপদেষ্টা, কর্মকর্তা, স্বেচ্ছাসেবী নিয়োগ ও তাদের বিদেশ ভ্রমণ।

- (১) কোন অনুমোদিত প্রকল্পে বিদেশি বিশেষজ্ঞ, উপদেষ্টা, কর্মকর্তা বা স্বেচ্ছাসেবী নিয়োগের সংস্থান থাকলে তাদের নিয়োগ, নিয়োগের মেয়াদ বৃদ্ধি এবং এন ভিসা প্রাপ্তির লক্ষ্যে চাকুরীর নিয়োগপত্র সত্যায়নের জন্য এফডি-৯ অনুযায়ী মহাপরিচালকের নিকট আবেদন করতে হবে।
- (২) উপানুচ্ছেদ (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর তা যথাযথ বিবেচিত হলে মহাপরিচালক নিয়োগপত্র অনুমোদন ও সত্যায়নসহ সংশ্লিষ্ট সংস্থা বা এনজিওকে পত্র প্রদান করবে।
- (৩) বিদেশি বিশেষজ্ঞ, উপদেষ্টা, কর্মকর্তা বা স্বেচ্ছাসেবী-কে বাংলাদেশে কর্মে যোগদানের ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে কার্যানুমতির জন্য এফডি-৯(১) অনুযায়ী মহাপরিচালকের নিকট আবেদন করতে হবে।
- (৪) মহাপরিচালক উপানুচ্ছেদ (৩) এর অধীন প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তির পর নির্ধারিত এনজিও ব্যতীত অন্য কোনো সংস্থা বা এনজিও-তে কাজ না করার শর্তে প্রকল্প মেয়াদের জন্য তাদের কার্যানুমতি (Work Permit) প্রদান করবে।
- (৫) বিদেশি বিশেষজ্ঞ, উপদেষ্টা, কর্মকর্তা বা স্বেচ্ছাসেবীকে প্রতিবার বাংলাদেশে আগমন ও প্রত্যাবর্তনের ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ব্যুরোকে অবহিত করতে হবে।
- (৬) কোন প্রকল্পে মোট জনবলের ৫% এর বেশি বিদেশি বিশেষজ্ঞ, উপদেষ্টা, স্বেচ্ছাসেবী বা কর্মকর্তা নিয়োগ দেওয়া যাবে না। তবে কারিগরি সহায়তা প্রদান প্রকল্পের ক্ষেত্রে ১০% পর্যন্ত বিবেচনা করা যাবে।
- (৭) এনজিওসমূহ বিদেশি বিশেষজ্ঞ, উপদেষ্টা, এবং কর্মকর্তাসহ জনবল নিয়োগ এবং চাকুরিচ্যুতির ক্ষেত্রে বাংলাদেশের প্রচলিত বিধি-বিধানের সাথে সামঞ্জস্য রেখে যথাযথ তদন্ত, কারণ দর্শানো এবং আত্মপক্ষ সমর্থনের সুযোগ সংবলিত নিজস্ব মানবসম্পদ ব্যবস্থাপনা নীতিমালা প্রণয়ন করবে।
- (৮) নিয়োগকারী এনজিও কর্তৃক নিয়োগকৃত বিদেশি বিশেষজ্ঞকে প্রদত্ত সকল বেতন/ভাতার উপর জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত হারে আয়কর কর্তন করে সরকারি কোষাগারে জমা প্রদান নিশ্চিত করবে।

০৮. পরিদর্শন, পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ।

- (১) মহাপরিচালক বৈদেশিক অনুদানে পরিচালিত প্রকল্পসমূহ পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করবে এবং পরিদর্শনে প্রাপ্ত সুপারিশের আলোকে সংস্থার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- (২) মনিটরিং কমিটিতে ব্যুরো বহিঃপর্যবেক্ষণকারী নিয়োগ করতে পারবে; যাতে সংশ্লিষ্ট এনজিও'র একজন প্রতিনিধি থাকবে।
- (৩) বহিঃপর্যবেক্ষণকারীর ব্যয় ব্যুরো তার তহবিল হতে বহন করবে।
- (৪) বহিঃপর্যবেক্ষণকারীর কার্যক্রম সন্তোষজনক প্রতীয়মান না হলে মহাপরিচালক উক্ত বহিঃপর্যবেক্ষণকারীকে অর্পিত দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করবে।
- (৫) উপানুচ্ছেদ (৪) এর অধীন অব্যাহতিপ্রাপ্ত বহিঃপর্যবেক্ষণকারী পরবর্তী পাঁচ বছরের জন্য ব্যুরোর সব ধরনের কার্যক্রমে অংশগ্রহণে অযোগ্য বিবেচিত হবে।



- (৬) বিভাগীয় কমিশনার তার এখতিয়ারাধীন এলাকায় কর্মরত এনজিওসমূহের কার্যক্রম পরিবীক্ষণ ও সমন্বয় করবেন এবং বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভায় বিভাগের এনজিওসমূহের কর্মকাণ্ড পর্যালোচনা করবেন এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যুরোকে অবহিত করবেন।
- (৭) পার্বত্য জেলা ব্যতীত অন্যান্য জেলার ক্ষেত্রে জেলা প্রশাসকগণ এনজিও বিষয়ক ব্যুরোর পক্ষে তাদের নিজ নিজ এলাকার এনজিওদের কার্যক্রম পরিবীক্ষণ ও তদারকির দায়িত্ব পালন করবেন। নিম্নবর্ণিত কমিটি মাসিক এনজিও সমন্বয় সভায় এনজিওসমূহের বৈদেশিক অনুদানে পরিচালিত কার্যক্রম পর্যালোচনা করবেঃ

(১)	জেলা প্রশাসক	-	সভাপতি
(২)	পুলিশ সুপার	-	সহ-সভাপতি
(৩)	সিভিল সার্জন	-	সদস্য
(৪)	উপজেলা চেয়ারম্যান (সকল)	-	সদস্য
(৫)	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/শিক্ষা)	-	সদস্য
(৬)	উপজেলা নির্বাহী অফিসার (সকল)	-	সদস্য
(৭)	জেলা মৎস্য কর্মকর্তা	-	সদস্য
(৮)	জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা	-	সদস্য
(৯)	উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	-	সদস্য
(১০)	নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	-	সদস্য
(১১)	নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর	-	সদস্য
(১২)	উপ-পরিচালক, জেলা সমাজসেবা অধিদপ্তর	-	সদস্য
(১৩)	উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর	-	সদস্য
(১৪)	উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর	-	সদস্য
(১৫)	উপ-পরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড	-	সদস্য
(১৬)	জেলা সমবায় কর্মকর্তা	-	সদস্য
(১৭)	জেলা শিক্ষা অফিসার	-	সদস্য
(১৮)	জেলা প্রাথমিক শিক্ষা অফিসার	-	সদস্য
(১৯)	জেলা ত্রাণ ও পুনর্বাসন অফিসার	-	সদস্য
(২০)	উপ/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর	-	সদস্য
(২১)	জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	-	সদস্য
(২২)	চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা	-	সদস্য
(২৩)	এনজিও বিষয়ক ব্যুরোর নিবন্ধিত সকল এনজিও বা সংস্থার একজন করে প্রতিনিধি	-	সদস্য
(২৪)	সিনিয়র সহকারী কমিশনার/ সহকারী কমিশনার (এনজিও সেল)-	-	সদস্য-সচিব।

তবে ০৩ (তিন) পার্বত্য জেলার জেলা প্রশাসকগণও বৈদেশিক অনুদান (স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন, ২০১৬ এর ১০(৫) ধারা মোতাবেক তাঁর অধিক্ষেত্রভুক্ত এনজিওসমূহের কার্যক্রম যথাযথভাবে পরিদর্শন, পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ করবেন।




(৮)

পার্বত্য চট্টগ্রাম এলাকায় পরিচালিত এনজিওসমূহের কার্যক্রম তত্ত্বাবধান ও মূল্যায়ন করার জন্য জেলা পর্যায়ে নিম্নবর্ণিত একটি কমিটি থাকবে এবং কমিটি প্রতি ০৪ (চার) মাসে অনূন ০১ (এক)টি সভা অনুষ্ঠানের মাধ্যমে এনজিওদের কার্যক্রম পর্যালোচনা ও সমন্বয় করবেঃ

১.	চেয়ারম্যান, সংশ্লিষ্ট পার্বত্য জেলা পরিষদ	-	আহ্বায়ক
২.	সংশ্লিষ্ট জেলা প্রশাসকের প্রতিনিধি (অতিরিক্ত জেলা প্রশাসক)	-	সদস্য-সচিব
৩.	পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের একজন প্রতিনিধি	-	সদস্য
৪.	সংশ্লিষ্ট জেলার সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক	-	সদস্য
৫.	সংশ্লিষ্ট সরকারি অধিদপ্তরের জেলা পর্যায়ের কর্মকর্তা	-	সদস্য
৬.	জেলায় কর্মরত সকল এনজিও'র একজন করে প্রতিনিধি	-	সদস্য
৭.	উপ/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর	-	সদস্য
৮.	সংশ্লিষ্ট এলাকার সার্কেল চীফ অথবা তার প্রতিনিধি	-	সদস্য

(৯)

পার্বত্য জেলা ব্যতীত অন্যান্য জেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারগণ তাদের নিজ নিজ এলাকার এনজিওসমূহের কার্যক্রম পরিবীক্ষণ ও তদারকি করবেন। সংশ্লিষ্ট উপজেলা পরিষদ চেয়ারম্যান এ কমিটির উপদেষ্টা হিসেবে থাকবেন। নিম্নবর্ণিত কমিটি মাসিক এনজিও সমন্বয় সভায় এনজিওসমূহের বৈদেশিক অনুদানে পরিচালিত কার্যক্রম পর্যালোচনা করবেঃ

১.	উপজেলা নির্বাহী অফিসার	-	সভাপতি
২.	সহকারী কমিশনার (ভূমি)	-	সদস্য
৩.	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা	-	সদস্য
৪.	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা	-	সদস্য
৫.	উপজেলা কৃষি অফিসার	-	সদস্য
৬.	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা	-	সদস্য
৭.	উপজেলা প্রকৌশলী	-	সদস্য
৮.	উপজেলা মৎস্য কর্মকর্তা	-	সদস্য
৯.	অফিসার ইনচার্জ	-	সদস্য
১০.	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার	-	সদস্য
১১.	উপজেলা শিক্ষা অফিসার	-	সদস্য
১২.	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	-	সদস্য
১৩.	উপজেলা সমবায় কর্মকর্তা	-	সদস্য
১৪.	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	-	সদস্য
১৫.	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	-	সদস্য
১৬.	উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা	-	সদস্য
১৭.	উপজেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কর্মকর্তা	-	সদস্য
১৮.	উপজেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা	-	সদস্য
১৯.	উপজেলার সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান	-	সদস্য
২০.	এনজিও প্রতিনিধি (সকল)	-	সদস্য
২১.	উপজেলা সমাজসেবা কর্মকর্তা	-	সদস্য-সচিব।

তবে ০৩ (তিন) পার্বত্য জেলার উপজেলা নির্বাহী অফিসারগণও বৈদেশিক অনুদান (স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন, ২০১৬ এর ১০(৫) ধারা মোতাবেক তাঁর অধিক্ষেত্রভুক্ত এনজিওসমূহের কার্যক্রম যথাযথভাবে পরিদর্শন, পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ করবেন।

- (১০) এনজিওসমূহ ফরম-৪ অনুযায়ী তাদের কার্যক্রমের মাসিক প্রতিবেদন জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের নিকট দাখিল করবে।
- (১১) পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ১২ নং আইন) এর ধারা ২২ এর দফা (ছ) এর বিধান অনুসারে পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ ও পার্বত্য জেলা পরিষদ নিজ নিজ এলাকার এনজিও এবং সংস্থাসমূহের কার্যাবলীর সার্বিক সমন্বয় ও তদারকি করবে।
- (১২) পার্বত্য চট্টগ্রাম এলাকায় পরিচালিত এনজিওসমূহ ফরম-৪ এ পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, পার্বত্য জেলা পরিষদ ও জেলা প্রশাসককে কার্যক্রমের অগ্রগতির মাসিক প্রতিবেদন দাখিল করবে।

৫

৫

০৯. এনজিও'র নাম, গঠনতন্ত্র বা নির্বাহী কমিটির পরিবর্তন।

- (১) এনজিও'র নাম পরিবর্তনের জন্য দেশী এনজিও'র ক্ষেত্রে তফসিল-৫.১ এবং বিদেশি এনজিও'র ক্ষেত্রে তফসিল ৫.২, ডুপ্লিকেট নিবন্ধন সনদের জন্য তফসিল-৫.৩ এ বর্ণিত শর্তাবলী অনুসরণ করে তফসিল-১ এ বর্ণিত ফি জমা প্রদানপূর্বক মহাপরিচালক বরাবর আবেদন করতে হবে।
- (২) উপানুচ্ছেদ-১ সন্তোষজনক বিবেচিত হলে ফরম-৩ অনুযায়ী মহাপরিচালক নাম পরিবর্তন সনদ এবং প্রযোজ্য ফরমে ডুপ্লিকেট সনদ ইস্যু করবে।
- (৩) ২০১৬ সালের পূর্বে নিবন্ধিত যে সকল এনজিও'র এনজিও বিষয়ক ব্যুরো ব্যতীত অন্য কোন সংস্থার নিবন্ধন সনদ নেই সে সকল এনজিওসমূহের গঠনতন্ত্র পরিবর্তনের জন্য তফসিল ৫.৪ এবং নির্বাহী কমিটির কোন সদস্য পরিবর্তনের ক্ষেত্রে তফসিল-৫.৫ এর শর্তাবলী অনুসরণ করে তফসিল-১ এ বর্ণিত গঠনতন্ত্র পরিবর্তন ফি জমা প্রদানপূর্বক মহাপরিচালক বরাবর আবেদন করতে হবে।
- (৪) উপানুচ্ছেদ-৩ সন্তোষজনক বিবেচিত হলে মহাপরিচালক গঠনতন্ত্র ও নির্বাহী কমিটি অনুমোদন করবে।

১০. এনজিওদের সংগঠন।

- (১) নিবন্ধিত একাধিক এনজিও নিজেদের মধ্যে সমন্বয় সাধন ও সহযোগিতার লক্ষ্যে সংগঠিত হয়ে বৈদেশিক অনুদান গ্রহণ করতে চাইলে উক্ত সংগঠনকে ব্যুরোর নিকট নিবন্ধিত হতে হবে এবং এক্ষেত্রে এ পরিপত্রে উল্লিখিত নিবন্ধনের পদ্ধতি প্রযোজ্য হবে।
- (২) উপানুচ্ছেদ (১) এর অধীন নিবন্ধিত সংগঠন এনজিওসমূহের স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে সরকারকে পরামর্শ প্রদান করতে পারবে।

১১. হিসাবরক্ষণ ও নিরীক্ষা।

- (১) এনজিও বা ব্যক্তি আন্তর্জাতিক হিসাব মানদণ্ড অনুসারে Cash or Accrual ভিত্তিতে ইলেকট্রনিক বা ম্যানুয়াল পদ্ধতিতে তার হিসাব সংরক্ষণ করবে এবং প্রকারভেদে সংস্থা বা প্রকল্প বছর অনুসারে হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করবে।
- (২) এনজিওসমূহ এফডি-৬ এর ক্ষেত্রে প্রকল্প/প্রকল্পবর্ষ শেষ হওয়ার ৩ (তিন) মাসের মধ্যে এবং এফডি-৭, এফসি-১ ও ব্যক্তি কর্তৃক বৈদেশিক অনুদান গ্রহণের ক্ষেত্রে (এফসি-২) প্রকল্প সমাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে ব্যুরোর তালিকাভুক্ত চার্টার্ড একাউন্টেন্ট ফার্ম কর্তৃক প্রদত্ত নিরীক্ষা প্রতিবেদন মহাপরিচালক বরাবর দাখিল করবে।
- (৩) কোন প্রকল্পের অগ্রগতি ও নিরীক্ষা প্রতিবেদন এবং সর্বপ্রকার ব্যয় ভাউচার প্রকল্প সমাপ্তির ০৫(পাঁচ) বছর পর্যন্ত সংরক্ষণ করতে হবে।  
তবে শর্ত থাকে যে, প্রকল্প বন্ধ হলে বা সংস্থার মাঠ পর্যায়ের কার্যালয়ে উক্ত ভাউচারসমূহ হারিয়ে যাওয়া বা নষ্ট হওয়ার আশংকা থাকলে উক্ত দলিলাদি সংস্থার প্রধান কার্যালয়ে ০৫(পাঁচ) বছর পর্যন্ত সংরক্ষণ করতে হবে।
- (৪) এনজিও বিষয়ক ব্যুরো Bangladesh Chartered Accountant Order, 1973 (President Order No. II of 1973 ) এর Article 2 (1) (b) এ সংজ্ঞায়িত চার্টার্ড একাউন্টেন্ট ফার্ম (সিএ ফার্ম) ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর সংশ্লিষ্ট ধারা অনুসরণপূর্বক প্রতি ২ (দুই) বছর অন্তর অন্তর তালিকাভুক্ত করবে এবং এনজিওসমূহ বা ব্যক্তি উক্ত তালিকাভুক্ত চার্টার্ড একাউন্টেন্ট ফার্ম (সিএ ফার্ম) দ্বারা হিসাব নিরীক্ষা করাবে। নিয়োজিত সিএ ফার্ম এফডি-৪ এবং এফডি-৪(১) অনুযায়ী স্বয়ংসম্পূর্ণ অডিট রিপোর্ট ব্যুরোতে দাখিল করবে। সিএ ফার্মসমূহকে আবশ্যিকভাবে ব্যুরো কর্তৃক প্রণীত TOR অনুসরণ করে ব্যুরোর পক্ষে নিরীক্ষা কার্যক্রম সম্পাদন করতে হবে।
- (৫) উপানুচ্ছেদ (৪) অনুযায়ী নিরীক্ষার যাবতীয় ব্যয় ব্যক্তি বা এনজিওসমূহ প্রকল্প হতে নির্বাহ করবে।

১২. বার্ষিক প্রতিবেদন।

১. এনজিওসমূহ প্রতি প্রকল্প বর্ষ সমাপ্ত হওয়ার ২ (দুই) মাসের মধ্যে উক্ত বৎসরে সম্পাদিত কার্যাবলীর বিবরণ সংবলিত একটি বার্ষিক প্রতিবেদন ফরম-৫ অনুযায়ী মহাপরিচালকের নিকট দাখিল করবে।
- (২) মহাপরিচালক কোন ব্যক্তি বা এনজিও'র নিকট হতে কোন বিষয়ের উপর প্রতিবেদন তলব করলে সংশ্লিষ্ট ব্যক্তি বা এনজিও উক্তরূপ তলবের ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে তা সরবরাহ করবে।
- (৩) সরকার কোন ব্যক্তি বা এনজিওকে তার বার্ষিক প্রতিবেদন দাখিল হতে অব্যাহতি প্রদান করলে উক্ত ব্যক্তি বা এনজিও মহাপরিচালকের নিকট একটি ঘোষণাপত্র দাখিল করবে।

১৩. জাতিসংঘের অংশসংস্থার পার্টনার হিসেবে প্রকল্প বাস্তবায়নঃ

এনজিও বিষয়ক ব্যুরোর নিবন্ধিত কোন এনজিওর জাতিসংঘের বিভিন্ন অংশসংস্থার পার্টনার হিসেবে কোন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে ব্যুরোকে অবহিত করতে হবে।

১৪. অপরাধের শাস্তি প্রদান পদ্ধতি।

- (১) কোন এনজিও বা ব্যক্তি আইনের ধারা ১৪ এ উল্লিখিত কোন অপরাধ করলে মহাপরিচালক আইনের ধারা ১৫ অনুযায়ী সংশ্লিষ্ট এনজিও বা ব্যক্তির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করবে অথবা আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য উপযুক্ত কর্তৃপক্ষকে অবহিত করবে।
- (২) কোন এনজিও'র বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে, যথাঃ-
  - (ক) কোন এনজিও'র নিবন্ধন বাতিল, স্থগিত বা স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম বন্ধ কিংবা তাঁর বিরুদ্ধে অন্যান্য শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না সে মর্মে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করতে হবে;
  - (খ) দফা (ক) এর অধীন কারণ দর্শানোর নোটিশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট এনজিও প্রয়োজনীয় কাগজপত্র ও প্রমাণাদিসহ জবাব প্রদান করবে;  
তবে শর্ত থাকে যে, উক্তরূপ সময়ের মধ্যে জবাব প্রদান করা সম্ভব না হলে সংশ্লিষ্ট এনজিওর আবেদনের প্রেক্ষিতে মহাপরিচালক সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিন সময় বৃদ্ধি করতে পারবে;
  - (গ) কারণ দর্শানোর জবাব প্রাপ্তির পর ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে তা পর্যালোচনান্তে বা সজ্ঞাত মনে করলে তদন্ত করে বা প্রয়োজ্য ক্ষেত্রে ব্যক্তিগত শুনানির সুযোগ প্রদান করে মহাপরিচালক সিদ্ধান্ত প্রদান করবে;
  - (ঘ) কোন এনজিও দফা (গ) এ উল্লিখিত সিদ্ধান্ত দ্বারা সংক্ষুব্ধ হলে আইনের ধারা ১৭ অনুযায়ী আপিল করতে পারবে। আপিল কর্তৃপক্ষ উভয় পক্ষের শুনানী গ্রহণ করে চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করবে।
- (৩) আইনের ধারা ১৫ এর উপ-ধারা (১) এর দফা (গ) এর উদ্দেশ্য পূরণকল্পে, বিনা অনুমতিতে কোন বৈদেশিক অনুদান গ্রহণ করে ব্যবহার করলে, জরিমানার অর্থ সরকারি দাবি হিসেবে Public Demand Recovery Act, 1913 (Act No. III of 1913) অনুযায়ী আদায়যোগ্য হবে।



### ১৫. রহিতকরণ ও হেফাজত।

(১) প্রধানমন্ত্রীর কার্যালয় এর পরিপত্র নং-০৩.০৯০.২২.০৩.০০.০১৩.২০২১-২১৮, তারিখ-২৫/১১/২০২১ খ্রি. এতদ্বারা রহিত করা হলো।

(২) উপানুচ্ছেদ-১ এর অধীন উক্ত রহিতকরণ সত্ত্বেও উক্ত পরিপত্র/প্রজ্ঞাপনের অধীন-

(ক) কৃত কোন কাজকর্ম বা জারিকৃত কোন আদেশ, বিজ্ঞপ্তি বা প্রদত্ত কোন নোটিশ বা দায়েরকৃত কোন অভিযোগ বা দাখিলকৃত কোন দরখাস্ত এই পরিপত্রের সাথে সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে এই পরিপত্রের অধীনে কৃত, জারিকৃত, প্রদত্ত, দায়েরকৃত এবং দাখিলকৃত হয়েছে মর্মে গণ্য হবে।

(খ) কোন কার্যক্রম চলমান থাকলে এই পরিপত্রের নির্দেশাবলীর সাথে সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে তা এমনভাবে চলমান ও অব্যাহত থাকবে যেন তা এই পরিপত্রের অধীন গৃহীত হয়েছে।

(গ) এই পরিপত্র প্রবর্তনের তারিখে কোন আদালতে কোন মামলা বা আইনগত কার্যধারা নিষ্পত্তাধীন থাকলে উক্ত মামলা বা কার্যধারা রহিত পরিপত্র/প্রজ্ঞাপনগুলোর বিধান অনুসারে এমনভাবে নিষ্পত্তি করতে হবে যেন উক্ত পরিপত্র/প্রজ্ঞাপনগুলো রহিত হয়নি।

১৬. এই পরিপত্রে বর্ণিত হয়নি এমন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে প্রধান উপদেষ্টার কার্যালয়ের/ প্রধানমন্ত্রীর কার্যালয়ের অনুমোদন গ্রহণ করতে হবে।



এম সিরাজ উদ্দিন মিয়া  
মুখ্য সচিব  
প্রধান উপদেষ্টার কার্যালয়।

### বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ০২। সিনিয়র সচিব/সচিব-----মন্ত্রণালয়/বিভাগ।
- ০৩। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৪। বিভাগীয় কমিশনার (সকল)।
- ০৫। চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ (সকল)।
- ০৬। জেলা প্রশাসক (সকল)।
- ০৭। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব/সচিবের একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- ০৯। অফিস কপি।



তফসিল-১

নিবন্ধন ফি, নিবন্ধন নবায়ন ফি, এনজিও'র নাম/ গঠনতন্ত্র পরিবর্তন এবং ডুপ্লিকেট নিবন্ধন সনদ ফি

ক্রমিক নং	বিষয়	ফি'র পরিমাণ (টাকায়)
(১)	(২)	(৩)
১।	এনজিও'র নিবন্ধন ফি	ক) দেশী-৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা খ) বিদেশি-৯,০০০ (নয় হাজার) ইউএস ডলারের সমপরিমাণ টাকা।
২।	এনজিও'র নিবন্ধন নবায়ন ফি	ক) দেশী-৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা খ) বিদেশি-৬,০০০ (ছয় হাজার) ইউএস ডলারের সমপরিমাণ টাকা
৩।	এনজিও'র নাম পরিবর্তন/ ডুপ্লিকেট নিবন্ধন সনদ/ গঠনতন্ত্র পরিবর্তন ফি	ক) নাম পরিবর্তন-২৬,০০০/- (ছাব্বিশ হাজার) টাকা খ) ডুপ্লিকেট নিবন্ধন সনদ ফি- ১৩,০০০/- গ) গঠনতন্ত্র পরিবর্তন/সংশোধন/সংযোজন/বিয়োজন ফি- ১৩,০০০/- (তের হাজার) টাকা।

বিঃ দ্রঃ সকল ফি'র ক্ষেত্রে ১৫% ভ্যাট প্রযোজ্য হবে।



২.১ বৈদেশিক অনুদান গ্রহণক্রমে স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম পরিচালনার জন্য নিবন্ধনের আবেদনপত্রের সাথে প্রযোজ্য কাগজপত্র এবং তথ্যাদি (দেশী এনজিও'র ক্ষেত্রে)

(ক)	পূরণকৃত এফডি-১ ফরম	:	৯ কপি
(খ)	ফরম-৮ অনুযায়ী সংস্থার কার্যনির্বাহী কমিটির সদস্যদের তালিকা	:	৬ কপি
(গ)	নির্বাহী কমিটির সদস্যদের পাসপোর্ট সাইজের ছবি ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি	:	৬ কপি
(ঘ)	প্রাথমিক নিবন্ধনকারী কর্তৃপক্ষের অনুমোদিত নির্বাহী কমিটির তালিকা ও নিবন্ধন সনদপত্রের সত্যায়িত অনুলিপি	:	৬ কপি
(ঙ)	গঠনতন্ত্রের (প্রাথমিক নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত) সত্যায়িত অনুলিপি	:	৬ কপি
(চ)	সংস্থার কার্যক্রম প্রতিবেদন	:	৬ কপি
(ছ)	প্ল্যান অব অপারেশন (কর্ম পদ্ধতি, অর্গানোগ্রাম, সভাপতি কর্তৃক স্বাক্ষরিত)	:	৬ কপি
(জ)	দাতা সংস্থার প্রতিশ্রুতিপত্র (সংস্থা প্রধান কর্তৃক সত্যায়িত)	:	৬ কপি
(ঝ)	কোড নং- ১-০৩২৩-০০০০-১৮৩৬-এ তফসিল-১ এ নির্ধারিত ফি জমা প্রদান করে ট্রেজারি চালানের মূল কপিসহ	:	৬ কপি
(ঞ)	প্রদেয় ফি এর উপর জাতীয় রাজস্ব বোর্ডের নির্ধারিত কোড নং- ১-১১৩৩-০০৩৫-০৩১১ এ ১৫% ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান করে ট্রেজারি চালানের মূলকপিসহ	:	৬ কপি
(ট)	সংস্থার নির্বাহী কমিটি গঠন সংক্রান্ত সাধারণ সভার কার্যবিবরণীর সত্যায়িত অনুলিপি (উপস্থিত সাধারণ সদস্যদের উপস্থিতির স্বাক্ষরিত তালিকাসহ)	:	৬ কপি
(ঠ)	সংস্থার সাধারণ সদস্যদের নামের তালিকা (প্রত্যেক সদস্যের স্বাক্ষরসহ নাম, পিতা/মাতা, স্বামী/স্ত্রী'র নাম ও ঠিকানা, জাতীয় পরিচয়পত্র নম্বর)	:	৬ কপি

২.২ বৈদেশিক অনুদান গ্রহণক্রমে স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম পরিচালনার জন্য নিবন্ধনের আবেদনপত্রের সাথে সংযুক্ত প্রযোজ্য কাগজপত্র এবং তথ্যাদি (বিদেশি এনজিও'র ক্ষেত্রে):

**Foreign Donations (Voluntary Activities) Regulations : Act, 2016**

01.	FD-1 Form (Signed by Chief Executive in Bangladesh )	:	09 Copies
02.	Certificate of Incorporation in the Country of Origin	:	06 Copies
03.	Constitution	:	06 Copies
04.	Activities Report	:	06 Copies
05.	Plan of Operation (Work / Organogram )	:	06 Copies
06.	Decision of the Committee / Board to open office in Bangladesh	:	06 Copies
07.	Letter of Appointment of the Country Representative	:	06 Copies
08.	Copy of Treasury Chalan in support of depositing US\$ 9,000 or Equivalent TK amount in the Code 1-0323-0000- 1836 and 15% Vat Code No (1-1133-0035-0311)	:	06 Copies
09.	Deed of agreement Stamp of TK. 300/-with the landlord in Support of opening the office in Bangladesh	:	06 Copies
10.	List of Executive Committee (foreign )	:	06 Copies
11.	Letter of Intent	:	06 Copies

Note: All documents from abroad should be notarized by Peace of Justice or attested by Concern Embassy of Bangladesh.

তফসিল- ৩

৩.১ নিবন্ধন সনদ নবায়ন আবেদনের সাথে সংযোজিতব্য কাগজপত্র এবং তথ্যাদি (দেশী এনজিও'র নিবন্ধন নবায়নের জন্য)

ক)	পূরণকৃত এফডি-৮ ফরম;	: ০২ কপি
খ)	ফরম-৮ মোতাবেক কার্যনির্বাহী কমিটির সদস্যদের তালিকা:	: ০২ কপি
গ)	নির্বাহী কমিটির সদস্যদের পাসপোর্ট সাইজের ছবিসহ জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি;	: ০২ কপি
ঘ)	প্রাথমিক নিবন্ধনকারী কর্তৃপক্ষের অনুমোদিত গঠনতন্ত্রের সত্যায়িত অনুলিপি;	: ০২ কপি
ঙ)	নিবন্ধন নবায়ন ফি জমাদানের চালানের মূলকপিসহ সত্যায়িত অনুলিপি;	: ০২ কপি
চ)	উপস্থিত সাধারণ সদস্যদের উপস্থিতির স্বাক্ষরিত তালিকাসহ নির্বাহী কমিটি অনুমোদন সংক্রান্ত সাধারণ সভার কার্যবিবরণীর সত্যায়িত অনুলিপি;	: ০২ কপি
ছ)	সংস্থার গঠনতন্ত্র পরিবর্তন হয়নি মর্মে সভাপতি এবং সাধারণ সম্পাদকের যৌথ স্বাক্ষরে প্রত্যয়নপত্র;	: ০২ কপি
জ)	সংস্থার গঠনতন্ত্র পরিবর্তন হয়ে থাকলে নির্ধারিত ফিসহ ভ্যাট বাবদ অর্থ জমাদানের মূলকপিসহ তার সত্যায়িত অনুলিপি অথবা সংস্থার গঠনতন্ত্র পরিবর্তন না হয়ে থাকলে 'পরিবর্তন হয়নি' মর্মে প্রত্যয়নের অনুলিপি;	: ০২ কপি
ঝ)	সংস্থার বিগত ১০(দশ) বছরের অডিট রিপোর্ট এবং বার্ষিক প্রতিবেদনের সত্যায়িত অনুলিপি;	: ০২ কপি
ঞ)	অন্য কোন আইনে নিবন্ধিত হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদিত নির্বাহী কমিটির তালিকার সত্যায়িত অনুলিপি;	: ০২ কপি
ট)	সর্বশেষ নিবন্ধন/নবায়ন সনদের সত্যায়িত অনুলিপি;	: ০২ কপি
ঠ)	Right to Information Act 2009-এর আওতায় Focal Point নিয়োগ করত: ব্যুরোকে অবহিতকরণ পত্রের অনুলিপি;	: ০২ কপি
ড)	সংস্থার নিকট তফসিল-১ এ বর্ণিত যেকোন ফি এর উপর কোন বকেয়া ভ্যাট থাকলে চালানমূলে জমা প্রদানের প্রমাণক ;	: ০২ কপি
ঢ)	নিবন্ধনকালীন দাখিলকৃত সাধারণ ও নির্বাহী কমিটির তালিকা এবং বর্তমান সাধারণ সদস্য ও নির্বাহী কমিটির তালিকা;	: ০২ কপি
ণ)	বিগত ১০ বছরে বৈদেশিক অনুদানে পরিচালিত কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ (সংযুক্ত ছক অনুযায়ী):	: ০২ কপি

ক্রঃ নং	সন [বিগত ০৫ (পাঁচ) বছরের]	প্রকল্পের নাম	মেয়াদ	কাজের প্রকৃতি	অর্থের পরিমাণ	ছাড়কৃত অর্থ	গৃহীত বৈদেশিক অনুদান	বায়	অবশিষ্ট	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)



৩.২ নিবন্ধন সনদ নবায়ন আবেদনের সাথে সংযুক্ত প্রযোজ্য কাগজপত্র এবং তথ্যাদি

(বিদেশি এনজিও'র নিবন্ধন নবায়নের জন্য)

- ক) পূরণকৃত এফডি-৮ ফরম; : ০২ কপি
- খ) বোর্ড অব ডিরেক্টরস/বোর্ড অব ট্রাষ্টিজ তালিকা (সংশ্লিষ্ট দেশের পিস অব জাস্টিস কর্তৃক নোটারীকৃত/সত্যায়িত); : ০২ কপি
- গ) সংস্থার বাই লজ (By laws) / গঠনতন্ত্র (সংশ্লিষ্ট দেশের পিস অব জাস্টিস কর্তৃক নোটারীকৃত/সত্যায়িত); : ০২ কপি
- ঘ) নিবন্ধন নবায়ন ফি জমাদানের চালানের মূলকপিসহ সত্যায়িত অনুলিপি; : ০২ কপি
- ঙ) সংস্থার বোর্ড অব ডিরেক্টরস/বোর্ড অব ট্রাষ্টিজ সভার কার্যবিবরণীর (কার্যবিবরণীতে বোর্ড গঠন সংক্রান্ত, নিবন্ধন নবায়ন করার প্রস্তাব, গঠনতন্ত্র পরিবর্তন সংক্রান্ত বিষয়াদি উল্লেখপূর্বক) (সংশ্লিষ্ট দেশের পিস অব জাস্টিস কর্তৃক নোটারীকৃত/সত্যায়িত); : ০২ কপি
- চ) সংস্থার গঠনতন্ত্র পরিবর্তন হয়ে থাকলে নির্ধারিত ফিসহ ভ্যাট বাবদ অর্থ জমাদানের মূলকপিসহ তার সত্যায়িত অনুলিপি অথবা সংস্থার গঠনতন্ত্র পরিবর্তন না হয়ে থাকলে 'পরিবর্তন হয়নি' মর্মে প্রত্যয়ন পত্রের কপি (সংশ্লিষ্ট দেশের পিস অব জাস্টিস কর্তৃক নোটারীকৃত/ সত্যায়িত); : ০২ কপি
- ছ) সংস্থার বিগত ১০(দশ) বছরের অডিট রিপোর্ট এবং বার্ষিক প্রতিবেদনের সত্যায়িত অনুলিপি; : ০২ কপি
- জ) সংস্থার মূল কার্যালয়ের নিবন্ধনপত্রের (সংশ্লিষ্ট দেশের নোটারীকৃত/সত্যায়িত) অনুলিপি; : ০২ কপি
- ঝ) সর্বশেষ নিবন্ধন/নবায়ন সনদপত্রের ২টি সত্যায়িত অনুলিপি; : ০২ কপি
- ঞ) Right to Information Act 2009-এর আওতায় Focal Point নিয়োগ করত: ব্যুরোকে অবহিতকরণ পত্রের অনুলিপি; : ০২ কপি
- ট) সংস্থার নিকট তফসিল-১ এ বর্ণিত যেকোন ফি এর উপর কোন বকেয়া ভ্যাট থাকলে তাহা চালানমূলে জমা প্রদানের প্রমাণক ; : ০২ কপি
- ঠ) সংস্থার বিগত ১০ বছরে বৈদেশিক অনুদানে পরিচালিত কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ : ০২ কপি

ক্রঃ নং	সন [বিগত ০৫ (পাঁচ) বছরের]	প্রকল্পের নাম	মেয়াদ	কাজের প্রকৃতি	অর্থের পরিমাণ	ছাড়কৃত অর্থ	গৃহীত বৈদেশিক অনুদান	ব্যয়	অবশিষ্ট	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)



নিবন্ধন/নিবন্ধন নবায়নের ক্ষেত্রে প্রযোজ্য শর্তসমূহঃ

০১. এনজিও বিষয়ক ব্যুরোর সাথে সকল প্রকার যোগাযোগের ক্ষেত্রে সংস্থার নামের সাথে নিবন্ধন নম্বর এবং মেয়াদ উল্লেখ করতে হবে।
০২. নিবন্ধিত সংস্থা কর্তৃক “বৈদেশিক অনুদান (স্বৈচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন, ২০১৬” এর আইন, বিধি, পরিপত্র, আদেশ এবং নিবন্ধন ও নবায়নের ক্ষেত্রে প্রদত্ত আদেশ ও শর্তাবলী আবশ্যিকভাবে প্রতিপালন করতে হবে। অন্যথায় আইনের ১৪ ও ১৫ ধারা মোতাবেক সংশ্লিষ্ট সংস্থার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।
০৩. যদি অন্য কোন কারণে নিবন্ধন বাতিল না হয় তবে এই নিবন্ধন ১০(দশ) বছরের জন্য বলবৎ থাকবে এবং নিবন্ধনের মেয়াদ উত্তীর্ণের ০৬ (ছয়) মাস পূর্বে নিবন্ধন নবায়নের জন্য আবেদন করতে হবে। উক্ত সময়ের মধ্যে নিবন্ধন নবায়নের জন্য আবেদন করা না হলে সংস্থার নিবন্ধন বাতিলের প্রক্রিয়া গ্রহণ করা হবে।
০৪. সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের প্রত্যক্ষ তত্ত্বাবধানে প্রকল্পের কার্যক্রম পরিচালিত হবে। প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং মন্ত্রণালয়/বিভাগের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের পরামর্শ ও সহযোগিতা গ্রহণপূর্বক কার্যক্রম পরিচালনা করা যাবে। প্রতি প্রকল্প/প্রকল্প বছর শেষে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের প্রত্যয়ন প্রেরণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে নিবিড় যোগাযোগক্রমে সহায়ক ভূমিকা পালন করতে হবে।
০৫. এনজিও বিষয়ক ব্যুরোর পূর্ব অনুমোদন ব্যতিরেকে কোন প্রকল্প গ্রহণ/বাস্তবায়ন, বিদেশি পরামর্শক নিয়োগ ও বৈদেশিক অনুদান গ্রহণ ও ব্যয় করা যাবে না।
০৬. নিবন্ধনের সময় দাখিলকৃত ও অনুমোদিত নির্বাহী কমিটি, গঠনতন্ত্র এবং সংস্থার ঠিকানার কোন রদবদল হলে তা সংশ্লিষ্ট জেলা প্রশাসক/ব্যুরোকে অবহিত করতে হবে। অন্যথায়, রদবদলকৃত নির্বাহী কমিটি, ঠিকানা ও গঠনতন্ত্র এবং উক্ত কমিটি কর্তৃক গৃহীত যে কোন সিদ্ধান্ত অবৈধ বলে গণ্য হবে।
০৭. প্রতি প্রকল্প/প্রকল্পবর্ষ শেষে ব্যুরো কর্তৃক তালিকাভুক্ত চার্টার্ড একাউন্টেন্ট ফার্ম দ্বারা সমস্ত হিসাবপত্র অডিট করাতে হবে এবং অডিট রিপোর্টের ০৩ (তিন)টি অনুলিপি ও বার্ষিক প্রতিবেদন প্রকল্প/প্রকল্পবর্ষ সমাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে ব্যুরোতে দাখিল করতে হবে।
০৮. সংস্থার নিবন্ধনের সময় দাখিলকৃত বিদেশি দাতা বা দাতা সংস্থার প্রতিশ্রুতিপত্র মোতাবেক বিদেশি অনুদান দ্বারা প্রকল্প/কর্মসূচী বাস্তবায়ন শুরু করে তা নিবন্ধন প্রাপ্তির ০৬(ছয়) মাসের মধ্যে ব্যুরোর নিবন্ধন শাখাকে অবহিত করতে হবে। অন্যথায়, মিথ্যা প্রতিশ্রুতিপত্র দাখিলের মাধ্যমে নিবন্ধন গ্রহণের কারণে প্রতারণার অভিযোগে আইন মোতাবেক সংস্থার নিবন্ধন বাতিলের কার্যক্রম গ্রহণ করা হবে।
০৯. সংস্থার অনুকূলে প্রাপ্ত সকল বৈদেশিক অনুদান (মাদার একাউন্টধারী ব্যাংকের নাম ও ঠিকানা)-এর হিসাব নং- (ব্যাংক হিসাব নম্বর উল্লেখ করতে হবে)- এর মাধ্যমে গ্রহণ করতে হবে এবং এনজিও বিষয়ক ব্যুরোর পূর্বনুমোদন ব্যতীত সংস্থার মাদার একাউন্ট পরিবর্তন/স্থানান্তর করা যাবে না।
১০. নিম্নবর্ণিত বিষয়সমূহ অবশ্যই প্রতিপালন করতে হবেঃ
  ০১. উপজাতীয় ও অ-উপজাতীয় বাসিন্দাদের মধ্যে সম্প্রীতির বিঘ্ন ঘটায় এমন কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না।
  ০২. ধর্মীয় অনুভূতি বিরোধী কর্মকাণ্ড পরিচালনা এবং ধর্মান্তরিত করা যাবে না।
  ০৩. সাম্প্রদায়িক কাজে উস্কানি প্রদান করে এমন কোন কাজ করা যাবে না।
  ০৪. জাতীয় বা আঞ্চলিক নিরাপত্তা বিঘ্নিত করে এমন কোন কাজ করা যাবে না।
  ০৫. প্রত্যক্ষ বা পরোক্ষভাবে এমন কোন কর্মকাণ্ড করা যাবে না যা ঐ এলাকার অধিবাসীদের বিচ্ছিন্নতাবাদ বা গোষ্ঠীগত আন্দোলনে উৎসাহিত করে।
  ০৬. প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন রাজনৈতিক কর্মকাণ্ডে সম্পৃক্ত হতে পারবে না।
  ০৭. দেশী/বিদেশি বিচ্ছিন্নতাবাদী আন্দোলনরত কোন ব্যক্তি/সংগঠন বা রাজনৈতিক দলের সাথে সংশ্লিষ্ট থেকে কোন উস্কানিমূলক কর্মকাণ্ড পরিচালনা করা যাবে না।
১১. এনজিও বিষয়ক ব্যুরোর পূর্বনুমোদন ব্যতীত মাদার একাউন্ট হতে কোন অর্থ উত্তোলন করা হলে সংস্থা ও সংশ্লিষ্ট ব্যাংকের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
১২. নিবন্ধন কর্তৃপক্ষ সময় সময় যে কোন শর্ত বা অনুশাসন জারী করলে তা মেনে চলতে হবে।

৫.১ দেশী এনজিও'র নাম পরিবর্তনের জন্য প্রয়োজনীয় তথ্যাবলী :

(ক)	০২টি জাতীয় পত্রিকায় (বাংলা ও ইংরেজী পত্রিকায়) নাম পরিবর্তন বিষয়ে বিজ্ঞাপনের মূলকপি	:	০২ কপি
(খ)	নাম পরিবর্তন ফি বাবদ ২৬,০০০/- (ছাশ্বিশ হাজার) টাকার (কোড নং-১-০৩২৩-০০০০- ১৮৩৬) চালানের মূলকপিসহ অনুলিপি	:	০২ কপি
(গ)	গঠনতন্ত্র পরিবর্তন ফি বাবদ-১৩,০০০/- (তের হাজার) টাকার (কোড নং-১-০৩২৩-০০০০- ১৮৩৬) চালানের মূলকপিসহ	:	০২ কপি
(ঘ)	ফরম-৮ মোতাবেক নির্বাহী কমিটির তালিকা	:	০২ কপি
(ঙ)	নির্বাহী কমিটির সদস্যদের ভোটার আইডি কার্ডের ফটোকপিসহ সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি	:	০২ কপি
(চ)	৩০০/- (তিনশত) টাকার স্টাম্প নাম পরিবর্তনের বিষয়ে এফিডেবিট এর কপি	:	০২ কপি
(ছ)	এনজিও বিষয়ক ব্যুরোর মূল সনদপত্র	:	মূলকপি
(জ)	পরিবর্তিত নামে প্রাথমিক নিবন্ধন প্রদানকারী কর্তৃপক্ষের সত্যায়িত সনদপত্রের কপি	:	০২ কপি
(ঝ)	প্রাথমিক নিবন্ধন প্রদানকারী কর্তৃপক্ষের অনুমোদিত নির্বাহী কমিটির তালিকার সত্যায়িত কপি	:	০২ কপি
(ঞ)	সর্বশেষ সাধারণ সদস্যদের তালিকা	:	০২ কপি
(ট)	নাম পরিবর্তন সংক্রান্ত বিষয়ে সাধারণ সভার কার্যবিবরণীর (উপস্থিত সদস্যদের তালিকাসহ) সত্যায়িত কপি	:	০২ কপি
(ঠ)	পূর্ববর্তী নামের সকল দায়-দায়িত্ব বর্তমানে পরিবর্তিত নামের সংস্থার উপর বর্তাইবে মর্মে অংশীকার নামা (সভাপতি ও সাধারণ সম্পাদক কর্তৃক স্বাক্ষরিত)।	:	০২ কপি
(ড)	দাখিলকৃত চালানের উপর ১৫% ভ্যাট নির্ধারিত কোডে জমাপূর্বক চালানের মূলকপিসহ (কোড নং-১-১১৩৩-০০৩৫-০৩১১)	:	০২ কপি
(ঢ)	২০১০-২০১১ অর্থবছর হতে হালনাগাদ পর্যন্ত সংস্থার নিবন্ধন/নিবন্ধন নবায়ন/নাম পরিবর্তন/গঠনতন্ত্রের যে কোন খারা পরিবর্তনের বিষয়ে দাখিলকৃত ফি এর উপর ১৫% বকেয়া ভ্যাট (যদি ইতোমধ্যে প্রদান না করা হয়ে থাকে) সংশ্লিষ্ট কোডে জমাপূর্বক চালানের মূলকপিসহ	:	০২ কপি

৫.২ বিদেশি এনজিও'র নাম পরিবর্তনের জন্য প্রয়োজনীয় তথ্যাবলী :

(ক)	০২টি জাতীয় পত্রিকায় (বাংলা ও ইংরেজী পত্রিকায়) নাম পরিবর্তন বিষয়ে বিজ্ঞাপনের মূলকপিসহ	:	০২ কপি
(খ)	নাম পরিবর্তন ফি বাবদ ২৬,০০০/- (ছাশ্বিশ হাজার) টাকার (কোড নং-১-০৩২৩-০০০০- ১৮৩৬) চালানের মূলকপি এবং ১৫% ভ্যাট (কোড নং-১-১১৩৩-০০৩৫-০৩১১) প্রদানপূর্বক চালানের মূলকপিসহ	:	০২ কপি
(গ)	গঠনতন্ত্র পরিবর্তন ফি বাবদ-১৩,০০০/- (তের হাজার) টাকার (কোড নং-১-০৩২৩-০০০০- ১৮৩৬) চালানের মূলকপি এবং ১৫% ভ্যাট (কোড নং-১-১১৩৩-০০৩৫-০৩১১) /জমাপূর্বক চালানের মূলকপিসহ	:	০২ কপি
(ঘ)	সংশ্লিষ্ট দেশের বোর্ড অব ডিরেক্টরস/বোর্ড অব ট্রাস্টির তালিকা (সংশ্লিষ্ট দেশের পিস অব জাস্টিস কর্তৃক নোটারীকৃত)	:	০২ কপি
(ঙ)	নাম পরিবর্তন বিষয়ে সংশ্লিষ্ট দেশের বোর্ড অব ডিরেক্টরস/বোর্ড অব ট্রাস্টির সিদ্ধান্তের কপি (সংশ্লিষ্ট দেশের পিস অব জাস্টিস কর্তৃক নোটারীকৃত মূলকপিসহ)	:	০২ কপি
(চ)	৩০০/- (তিনশত) টাকার স্টাম্প নাম পরিবর্তনের বিষয়ে এফিডেবিট এর মূলকপিসহ	:	০২ কপি
(ছ)	এনজিও বিষয়ক ব্যুরোর মূল সনদপত্র	:	০১ কপি
(জ)	সংস্থার পরিবর্তিত নামের সনদপত্র/ইনকর্পোরেট সার্টিফিকেট (সংশ্লিষ্ট দেশের নোটারীকৃত মূলকপি)	:	০২ কপি
(ঝ)	সংস্থার পরিবর্তিত নামের বাই লজ (By laws)/ গঠনতন্ত্রের কপি (সংশ্লিষ্ট দেশের পিস অব জাস্টিস কর্তৃক নোটারীকৃত মূলকপিসহ)	:	০২ কপি
(ঞ)	সংস্থার পূর্ববর্তী নামের সকল দায়-দায়িত্ব বর্তমানে পরিবর্তিত নামের সংস্থার উপর বর্তাইবে মর্মে অংশীকার নামা (সংস্থা প্রধান কর্তৃক স্বাক্ষরিত)	:	০২ কপি

(ট) ২০১০-২০১১ অর্থবছর হতে হালনাগাদ পর্যন্ত সংস্থার নিবন্ধন/নিবন্ধন নবায়ন/নাম পরিবর্তন/গঠনতন্ত্রের যে কোন ধারা পরিবর্তনের বিষয়ে দাখিলকৃত ফি এর উপর ১৫% বকেয়া ভ্যাট (যদি ইতোমধ্যে প্রদান না করা হয়ে থাকে) সংশ্লিষ্ট কোডে জমাপূর্বক চালানের মূলকপিসহ : ০২ কপি

**৫.৩ 'ডুপ্লিকেট' সনদপত্রের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদিঃ**

(ক) নিবন্ধন/নবায়নের 'ডুপ্লিকেট' সনদ প্রাপ্তির জন্য আবেদন ফি বাবদ-১৩,০০০/- (তের হাজার) টাকার (কোড নং-১-০৩২৩-০০০০-১৮৩৬) চালানের কপি এবং ১৫% ভ্যাট (কোড নং-১-১১৩৩-০০৩৫-০৩১১)-প্রদানপূর্বক চালানের মূলকপিসহ : ০২ কপি

(খ) ০২টি জাতীয় পত্রিকায় (হারানো বা চুরি হওয়ার ক্ষেত্রে) বিজ্ঞাপনের (মূলকপিসহ) কপি : ০২ কপি

(গ) হারানো বা চুরি হওয়ার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা/উপজেলার থানায় দাখিলকৃত ডায়েরির (জিডি'র) কপি : ০২ কপি

(ঘ) সনদপত্রের 'ডুপ্লিকেট' কপির জন্য নির্বাহী কমিটির সভার সত্যায়িত কার্যবিবরণীর (উপস্থিত সদস্যদের হাজিরাসহ) কপি : ০২ কপি

**৫.৪ গঠনতন্ত্র পরিবর্তন/অনুমোদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদিঃ**

(ক) প্রাথমিক নিবন্ধনকারী কর্তৃপক্ষের অনুমোদিত গঠনতন্ত্রের সত্যায়িত কপি : ০২ কপি

(খ) সংস্থার চেয়ারম্যান ও সেক্রেটারী কর্তৃক যৌথ স্বাক্ষরিত গঠনতন্ত্রের পরিচ্ছন্ন কপি : ০২ কপি

(গ) গঠনতন্ত্রের কোন ধারা, উপধারা পরিবর্তন ফি জমা প্রদানের চালানের মূলকপিসহ : ০২ কপি

(ঘ) গঠনতন্ত্রের কোন ধারা, উপধারা পরিবর্তন ও সংযোজনের বিষয়ে সাধারণ সভার কার্যবিবরণীর সত্যায়িত কপি : ০২ কপি

(ঙ) পূর্ববর্তী গঠনতন্ত্র ও বর্তমান গঠনতন্ত্রের তুলনামূলক বিবরণী (প্রতি পাতায় সভাপতি ও সম্পাদকের যৌথ স্বাক্ষরসহ) : ০২ কপি

**৫.৫ নির্বাহী কমিটি অনুমোদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি :**

(ক) ফরম নং-৮ মোতাবেক নির্বাহী কমিটির তালিকা (সভাপতি ও সম্পাদকের যৌথ স্বাক্ষরিত) : ০২ কপি

নির্বাহী কমিটির সদস্যদের জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি ও পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি

(খ) নির্বাহী কমিটির সদস্যদের জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি ও পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি : ০২ কপি

(গ) প্রাথমিক নিবন্ধনকারী কর্তৃপক্ষের অনুমোদিত নির্বাহী কমিটির সত্যায়িত তালিকা : ০২ কপি

(ঘ) নির্বাহী কমিটি গঠন সংক্রান্ত সাধারণ সভার কার্যবিবরণীর (হাজিরাসহ) সত্যায়িত কপি : ০২ কপি

(ঙ) সর্বশেষ সাধারণ সদস্যদের স্বাক্ষরসহ নামের তালিকা (সদস্যের নাম, পিতা/মাতার নাম, স্বামী/স্ত্রীর নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জাতীয় পরিচয় পত্র নম্বর, মোবাইল নম্বর ও ইমেইল এড্রেসসহ) : ০২ কপি



এফডি- ১ ফরম

নিবন্ধনের আবেদন ফরম

[আবশ্যিকভাবে বাংলা নিকস ফস্টে পুরণ করে দাখিল করতে হবে]

১. সংস্থার বিবরণ:

- i. সংস্থার নাম ও ঠিকানা :
- ii. নিবন্ধন নম্বর :
- iii. কোন দেশীয় সংস্থা :
- iv. প্রধান কার্যালয়ের ঠিকানা :
- V. বাংলাদেশস্থ সংস্থা প্রধানের তথ্যাদি :
- ক) নাম :
- খ) পূর্ণকালীন/ খণ্ডকালীন :
- গ) ঠিকানা, টেলিফোন নম্বর, মোবাইল নম্বর, ইমেইল :
- ঘ) নাগরিকত্ব (পূর্বতন নাগরিকত্ব যদি থাকে তাও উল্লেখ করতে হবে) :
- ঙ) পেশা (বর্তমান পেশা উল্লেখ করতে হবে) :

২. প্রস্তাবিত কার্যক্রমের ক্ষেত্র (বিস্তারিত বিবরণ সংযুক্ত করতে হবে) :

- ক. i. পরিচালন পরিকল্পনা (Plan of Operation):
- ii. প্রকল্প এলাকা (জেলা ও উপজেলা) :
- খ. তহবিলের উৎস
- i. দাতা/দাতা সংস্থাসমূহের নাম ও ঠিকানা :
- ii. দাতা / দাতাসংস্থার অঙ্গীকারপত্রের কপি :

৩. অঙ্গীকারকৃত অনুদানের পরিমাণ (বৈদেশিক মুদ্রা/বাংলাদেশ টাকায়) :

৪. কর্মকর্তাদের তথ্যাদি পৃথক কাগজে [উর্ধ্বতন ৫(পাঁচ) জন কর্মকর্তার] উপস্থাপন করতে হবে :

- (ক) নাম :
- (খ) পদবি :
- (গ) ঠিকানা :
- (ঘ) নাগরিকত্ব (দ্বৈত নাগরিকত্ব থাকলে উল্লেখ করতে হবে) :
- (ঙ) যোগদানের তারিখ :
- (চ) বেতন ভাতাদি :
- (ছ) সম্পৃক্ত অন্য পেশার বিবরণ :

৫. নিবন্ধন ফি ও ভ্যাট পরিশোধ করা হয়েছে কিনা (চালানের কপি সংযুক্ত করতে হবে) :

৬. নিয়োগের জন্য প্রস্তাবিত পরামর্শক/পরামর্শকগণের নাম এবং বিস্তারিত তথ্য (যদি থাকে) :

৭. মাদার একাউন্ট এর বিস্তারিত বিবরণ (হিসাব নম্বর, ধরণ, ব্যাংকের নাম, শাখা ও বিস্তারিত ঠিকানা) :

৮. অন্য কোন গুরুত্বপূর্ণ তথ্য যা আবেদনকারী উল্লেখ করতে ইচ্ছুক (পৃথক কাগজে সংযুক্ত করতে হবে) :

ঘোষণা

আমি এই মর্মে ঘোষণা করছি যে, আমি সংশ্লিষ্ট সকল আইন-কানুন পড়িয়াছি এবং উল্লিখিত সকল তথ্য সত্য ও সঠিক।

প্রধান নির্বাহীর স্বাক্ষর ও সিল

নামঃ.....

পদবিঃ.....

তারিখঃ.....।

- আবেদনকারী বিদেশি হলে, সংস্থার মনোনীত বাংলাদেশী শীর্ষ স্থানীয় প্রতিনিধির নিজ নাম, পদবি উল্লেখ করতঃ স্বাক্ষর প্রদান করতে হবে।
- সংযোজনী হিসেবে পৃথক কাগজপত্রাদি সংযুক্ত করা যাবে
- সংস্থার কার্যনির্বাহী প্রধান কর্তৃক আবেদন করতে হবে।



FORM FD-1

[Under act 4(1) of the Foreign Donations (Voluntary Activities) Regulation Act, 2016]

APPLICATION FOR REGISTRATION

1. Particulars of Organisation :
  - i. Name of Organization with Address :
  - ii. Reg. No. :
  - iii. Country of Origin :
  - iv. Address of the Principal/Head Office :
  - v. Particulars of Head of the Organisation in Bangladesh. :
    - a. Name :
    - b. Whether full-time or part-time :
    - c. Address with Telephone, Mobile & Email :
    - d. Citizenship (previous citizenship, if any to be mentioned also) :
    - e. Profession (also describe present occupation). :
2. Field of proposed activities (details may please be enclosed):
  - a. i. Plan of Operation :
  - ii. Project area (District & Upazila) :
  - b. Source (s) of Fund :
    - i. Please give names of organisation (s) with address. :
    - ii. If there is/are letter(s) of commitment from prospective donor(s) (copies) thereof :
3. What is your expected Annual Budget (Foreign Currency Or : Bangladeshi taka)
4. Staff Position (Particulars to be submitted in respect of 5 top : executives in the following proforma in separate sheets) :
  - 1 (a) Name :
  - (b) Designation :
  - (c) Address :
  - (d) Citizenship (Must clarify, I dual citizenship):
